রোববার থেকে এসএসসি পরীক্ষা শুরু, যে নির্দেশনা মানতে হবে

চেম্বার ডেস্ক:: করোনার ধাক্কা কাটিয়ে ১৪ নভেম্বর থেকে অনুষ্ঠিত হতে যাচ্ছে এসএসসি পরীক্ষা। পরীক্ষার হলে প্রতি বেঞ্চে বসানো হবে একজন শিক্ষার্থী। এ ছাড়া কেন্দ্রের বাইরে অভিভাবক জমায়েতে থাকবে কঠোরতা। শেষ পর্যন্ত পরীক্ষার আয়োজনে স্বস্তি অভিভাবকদের। তবে দ্রুত ফল প্রকাশ করে নতুন শিক্ষাবর্ষ শুরুর দাবি তাদের।

পরীক্ষা চলাকালে কেন্দ্রে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা নিশ্চিত করতে নির্দেশনা দিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)।

শুক্রবার (১২ নভেম্বর) ডিএমপি কমিশনার মোহা. শফিকুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, পরীক্ষা কেন্দ্রগুলোর ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ছাড়া জনসাধারণের কেউ প্রবেশ করতে পারবে না।

সীমিত পরিসরে সশরীরে ক্লাস, পরীক্ষা ও স্কুল উপস্থিতির মধ্য দিয়ে করোনাকালের দেড় বছর ধরে ক্ষতিগ্রস্ত শিক্ষাজীবনকে স্বাভাবিক করতে সেপ্টেম্বরে খুলে দেওয়া হয় শিক্ষা প্রতিষ্ঠান। তবে স্কুলগুলোতে ছিল সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি পালনের কঠোরতা।

এ আদেশ রোববার (১৪ নভেম্বর) থেকে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার দিনগুলোতে পরীক্ষা চলাকালীন পর্যন্ত বলবৎ থাকবে।